

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৪-

তারিখঃ ১৪.০৭.২০১৪


আদেশ

যেহেতু, ডাঃ মুহাম্মদ সাখাওয়াত হোসাইন (১১৪৬৭৪), ইমারজেপ্সি মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ এর দায়ে ০৩.০৬.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৪-৪৪৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৩.০৭.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ১২.০২.২০১৪ তারিখ তিনি হঠাৎ করে Severe low back pain এ আক্রান্ত হয়ে চিকিৎসকের শরণাগত হন। চিকিৎসক তাঁকে চিকিৎসা ছাড়াও এক সপ্তাহ সম্পূর্ণ বিশ্রামে থাকার পরামর্শ প্রদান করেন। যা তিনি তার উর্দ্ধতন কর্তৃপক্ষকে পরদিন অবহিত করেন। তাছাড়া হাসপাতালের ডিউটি রোস্টার অনুযায়ী গত ১২.০২.২০১৪ তারিখ জরুরী বিভাগে তাঁর কোন দায়িত্ব ছিল না। অনিচ্ছাকৃত কর্মস্থলে অনুপস্থিত থাকার জন্য তিনি আন্তরিকভাবে দুঃখিত এবং ক্ষমাপ্রার্থী।

এক্ষণে, সেহেতু, ডাঃ মুহাম্মদ সাখাওয়াত হোসাইন (১১৪৬৭৪), ইমারজেপ্সি মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক ভবিষ্যতে কর্মস্থলে উপস্থিতির বিষয়ে সতর্ক করতঃ বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)


অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৪-৫৮৮/১(৩)

তারিখঃ ১৪.০৭.২০১৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধামরাই, ঢাকা
- ৯। ডাঃ মুহাম্মদ সাখাওয়াত হোসাইন (১১৪৬৭৪), ইমারজেপ্সি মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই, ঢাকা



(মোঃ আনোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩২.২০১৩-৫৮-৯

তারিখঃ ২৪.০৭.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মাসুদ আহমেদ (৪১৪৪৭), সহকারী অধ্যাপক (ইউরোলজি), জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে এ মন্ত্রণালয়ের ২৩.০১.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩২.২০১৩-৪১নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়া আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিয়ন্ত্রককারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব


ডাঃ মাসুদ আহমেদ (৪১৪৪৭)  
সহকারী অধ্যাপক (ইউরোলজি)  
জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা  
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-কালাবাড়িয়া (উত্তর), পোঃ-কালাবাড়িয়া, থানা-কালিয়া, জেলা-নড়াইল)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩২.২০১৩- ৫৮৯/১(৪)

তারিখঃ ২৪.০৭.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪।  সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

  
(মোঃ আনোয়ার হোসেন)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)